

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬০৯

১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (کتاب البيوع) পরিচ্ছেদঃ ৩৫. মদ বিক্রয় নিষেধ

باب فِي النَّهْي عَنْ بَيْعِ الْخَمْرِ

## আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ خَالِد حَدَّثَنَا مُحَمَّدٌ هُوَ ابْنُ إِسْحَقَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي يَزِيدَ عَنْ الْقَعْقَاعِ بْنِ حَكِيمٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ وَعْلَةَ قَالَ سَأَلْتُ ابْنَ عَبَّاسٍ عَنْ جُلُودِ الْمَيْتَةِ فَقَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دِبَاغُهَا طَهُورُهَا وَسَأَلْتُهُ عَنْ بَيْعِ الْخَمْرِ مِنْ أَهْلِ الذِّمَّةِ فَقَالَ وَلِنَّا أَعْنَابًا وَإِنَّا نَتَّخِذُ مِنْهَا هَذِهِ الْخُمُورَ فَنَبِيعُهَا مِنْ أَهْلِ الذِّمَّةِ قَالَ الذِّمَّةِ فَقُلْتُ لَهُ إِنَّ لَنَا أَعْنَابًا وَإِنَّا نَتَّخِذُ مِنْهَا هَذِهِ الْخُمُورَ فَنَبِيعُهَا مِنْ أَهْلِ الذِّمَّةِ قَالَ النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَاوِيَةً مِنْ الله عَبْسِ أَهْدَى رَجُلٌ مِنْ ثَقِيف أَوْ دَوْسٍ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَاوِيَةً مِنْ الله خَمْرٍ فِي حَجَّةِ الْوَدَاعِ فَقَالَ لَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَمَا عَلِمْتَ يَا أَبًا فُلَانٍ أَنَّ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَمَا عَلِمْتَ يَا أَبًا فُلَانٍ أَنَّ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَوَ مَا عَلِمْتَ يَا أَبًا فُلَانٍ أَنَّ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَوَ مَا عَلِمْتَ يَا أَبًا فُلَانٍ أَنَّ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَو مَا عَلِمْتَ يَا أَبًا فُلَانٍ أَنَّ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَو مَا عَلِمْتَ يَا أَبًا فُلَانٍ أَنَّ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَو مَا عَلِمْتَ يَا أَبًا فُلَانٍ أَنَّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَو مَا عَلِمْتَ يَا أَبًا فُلَانٍ أَنَّ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَو مَا عَلِمْتَ يَا أَبًا فُلَانٍ أَنَّ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَو مَا عَلِمْتَ يَا أَبًا فُلَانٍ أَنَّ

## বাংলা

২৬০৯. আব্দুর রহমান ইবনু ওয়ালাতা থেকে বর্ণিত, তিনি বলেন, আমি আব্দুল্লাহ ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু-এর নিকট মৃতজন্তুর চামড়া ব্যবহার করা সম্পর্কে জিজ্ঞেস করলাম। তিনি বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "চামড়া প্রক্রিয়াজাত করাই হলো এর পবিত্র হয়ে যাওয়া।" আমি তাকে চুক্তিবদ্ধ (কাফির) সম্প্রদায়ের কাছে মদ বিক্রয় করা সম্পর্কে জিজ্ঞাসা করলাম। আমি তাকে বললাম, আমরা আব্দুর উৎপাদন করি এবং তা থেকে এ মদ তৈরী করে তা চুক্তিবদ্ধ (কাফির) সম্প্রদায়ের নিকট বিক্রয় করি। তখন ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, বিদায় হজ্জের সময় ছাকীফ অথবা, দাওস গোত্রের এক ব্যক্তি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এক মশক মদ হাদিয়া স্বরূপ নিয়ে আসে।

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেনঃ "হে আবূ অমুক! তুমি কি জানো না যে, আল্লাহ উহা হারাম করে দিয়েছেন?" সে বলল, আল্লাহর কসম, না। অতঃপর সে এক ব্যক্তি তার গোলামের কাছে ফিরে গিয়ে তাকে



বলল, তুমি হাযওয়ারাহ' (নামক বাজারে) গিয়ে ইহা বিক্রি করে দাও। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, হে আবূ অমুক! তুমি কি জানো না যে, যিনি ইহা পান করা হারাম করেছেন, তিনি ইহার বিক্রিও হারাম করে দিয়েছেন?" তিনি (রাবী) বলেন, এরপর সে তাকে নির্দেশ দিলে তা 'বাতহা' উপত্যকায় ঢেলে ফেলা হলো।[1]

## ফুটনোট

[1] তাহকীক্ব: এর রাবীগণ সকলেই বিশ্বস্ত তবে ইবনু ইসহাক এটি 'আন আন' শব্দে বর্ণনা করেছেন, আর তিনি মুদাল্লিস রাবী। (তবে হাদীসটি সহীহ)

তাখরীজ: মালিক, আশরিবাহ ১২ সহীহ সনদে; মুসলিম, মাসাকাত ১৫৭৯।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ২৪৬৮, ২৫৯০ ও সহীহ ইবনু হিব্বান নং ৪৯৪২, ৪৯৪৪ তে। আর এটি গত হয়েছে ২০২৮ (অনুবাদে ২০১৮) নং তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন